

ইউসিবি ইয়াংস্টারস সেভিংস অ্যাকাউন্ট

FAQ

১। ইউসিবি ইয়াংস্টারস সেভিংস অ্যাকাউন্ট কাদের জন্য প্রযোজ্য?

উত্তরঃ ১৮ বছরের কম বয়সী যেকোন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থী ইউসিবি ইয়াংস্টারস সেভিংস অ্যাকাউন্ট খুলতে পারবেন। গ্রাহক এবং তার অভিভাবক/ আইনানুগ অভিভাবক উভয়কেই বাংলাদেশী নাগরিক হতে হবে।

২। অ্যাকাউন্টের সুবিধা সমূহ কি কি?

- ✦ হিসাব খোলার ন্যূনতম ব্যালেন্স - ১০০ টাকা
- ✦ গ্রাহকের বয়স ১২ বছরের বেশি হলে ভিসা/মাস্টার ডেবিট কার্ড পাবে - **ফ্রি**
- ✦ ২০ পাতার চেক বই (গ্রাহকের অনুরোধে) - **ফ্রি**
- ✦ অ্যাকাউন্ট মেন্টেনেন্স ফি - **ফ্রি**
- ✦ এসএমএস ব্যাংকিং ও ই-স্টেটমেন্ট সুবিধা - **ফ্রি**

৩। ইউসিবি ইয়াংস্টারস সেভিংস অ্যাকাউন্ট খুলতে কি কি ডকুমেন্ট প্রয়োজনীয়?

- ✦ গ্রাহকের ফটো আইডির ফটোকপি- বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী
- ✦ শিক্ষাপ্রতিষ্ঠান প্রদত্ত সার্টিফিকেট বা পরিচয়পত্র/ সর্বশেষ মাসের স্কুল ফি রিসিপ্টের সত্যায়িত ফটোকপি
- ✦ গ্রাহকের সদ্যতোলা রঙিন ছবি - ২ কপি
- ✦ আইনানুগ অভিভাবকের ফটো আইডির ফটোকপি- বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী
- ✦ আইনানুগ অভিভাবকের রঙিন ছবি - ২ কপি
- ✦ নমিনির ফটো আইডির ফটোকপি ও ১ কপি রঙিন ছবি (আইনানুগ অভিভাবক কর্তৃক সত্যায়িত)
- ✦ ট্যাক্স রিটার্ন সনদ - আইনানুগ অভিভাবকের (প্রযোজ্য হলে)
- ✦ ঠিকানা নিশ্চিত করণ দলিল - আইনানুগ অভিভাবকের ইউটিলিটি বিল (সর্বশেষ/ সবোর্চ ৩ মাস পূর্বের)
- ✦ আয়ের উৎস নিশ্চিত করণ দলিল - আইনানুগ অভিভাবকের (যদি থাকে)

৪। অ্যাকাউন্ট খোলার পর আমার বয়স ১৮ বছর পূর্ণ হলে অ্যাকাউন্টটি চালাতে পারব কি?

উত্তরঃ হ্যাঁ পারবেন। তবে বয়স ১৮ বছর পূর্ণ হওয়ার সাথে সাথে আবশ্যিকভাবে হিসাবের শ্রেণি পরিবর্তন (Account Class Conversion) করতে হবে।

৫। হিসাবের শ্রেণি পরিবর্তনের (Account Class Conversion) জন্য আমার করণীয় কি?

উত্তরঃ অ্যাকাউন্ট পরিচালনাকারী অভিভাবককে সাথে নিয়ে নিম্নোক্ত ডকুমেন্টসহ শাখায় গিয়ে অ্যাকাউন্ট হালনাগাদ করতে হবে-

- ✦ গ্রাহকের ফটো আইডির ফটোকপি- বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী
- ✦ গ্রাহকের সদ্যতোলা দুই কপি রঙিন ছবি
- ✦ আয়ের উৎস নিশ্চিতকরণ ডকুমেন্ট (যদি থাকে)
- ✦ ঠিকানা যাচাইকরণ দলিল (প্রযোজ্য হলে)

৬। হিসাবের শ্রেণি পরিবর্তন (Account Class Conversion) হলে আমার অ্যাকাউন্ট নম্বর পরিবর্তন হবে কিনা?

উত্তরঃ আপনার অ্যাকাউন্ট নম্বরটি অপরিবর্তিত থাকবে।

৭। যে কোন Youngster Savings Account পরিচালনাকারী গ্রাহক কি যে কোন সময় হিসাবের শ্রেণি বা ধরণ পরিবর্তন করতে পারবেন?

উত্তরঃ না, হিসাবের শ্রেণি বা ধরণ পরিবর্তন শুধুমাত্র ঐ সকল Youngster Savings Account গ্রাহকের জন্য প্রযোজ্য যাদের বয়স ইতোমধ্যে ১৮ বছর বা তার বেশি হয়েছে।

৮। হিসাবের ধরণ পরিবর্তন/ রূপান্তরের জন্য গ্রাহকের সশরীরে ব্রাঞ্চে উপস্থিত হওয়া কি বাধ্যতামূলক?

উত্তরঃ হ্যাঁ, গ্রাহক ও হিসাব পরিচালনাকারী অভিভাবককে সশরীরে ব্রাঞ্চে উপস্থিত হতে হবে।